দৈনিক ইত্তেফাক

তারিখ 2-1-JUN 1995
পৃষ্ঠা ২ কলাম ৫

46

# প্রাথমিক শিক্ষকদের ৪-দফা মানিয়া নেওয়ার আহ্বান

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (মঙ্গলবার) বঙ্গবন্ধু এভিনিউ-এ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি আয়োজিত শিক্ষক মহা-সমাবেশে ৩০শে জুলাইয়ের মধ্যে

( ২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ )

## প্রাথমিক শিক্ষকদের

( ১ম পৃঃ পর )

সকল রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণসহ ৪ দফা দাবী মানিয়া নেওয়ার আহ্বান জানাইয়া বলা হইয়াছে, অন্যথায় ১লা আগষ্ট হইতে আন্দোলনের বৃহত্তর কর্মসূচী ঘোষণা করা হইবে। জাতীয় পার্টির যুগ্ম সম্পাদক মনিরুল হক চৌধুরী, জাসদের (ইনু) সাধারণ সম্পাদক হাসানুল হক ইনু, আওয়ামী লীগ নেতা সাবেক এম পি এডভোকেট আব্দুল আউয়াল, জামায়াতের প্রচার সম্পাদক আবদুল কাদের মোল্লা, সমিতির উপদেষ্টা কর্ণেল (অবঃ) হাফিজ, সমিতির মহাসচিব মোঃ মনসুর আলী, যুগ্ম সম্পাদক চৌধুরী আনোয়ার হোসেন, আবদুল আউয়াল, মোঃ জাহিদুর রহমান, হুমায়ুন কবীরসহ বিভিন্ন জেলা শাখার নেতৃবৃন্দ বক্তৃতা করেন। সভাপতিত্ব করেন সমিতির প্রতিষ্ঠাতা সভাপতি মেজর (অবঃ) আছাদুজ্জামান।

মনিরুল হক চৌধুরী বলেন, সরকার সকল ওয়াদা ভঙ্গ করিয়া চলিয়াছে। শিক্ষকদের ন্যায্য দাবীদাওয়া মানিয়া নেওয়ার ব্যাপারেও সরকারের কোন উদ্যোগ নাই। শিক্ষক সমিতির ৪ দফা দাবী মানিয়া নেওয়ার আহ্বান জানাইয়া তিনি বলেন, সমগ্র শিক্ষা ব্যবস্থাকে জাতীয়করণ করা ছাড়া দেশের উন্নতি সম্ভব নয়।

হাসানুল হক ইনু বলেন, দেশের একজন অদক্ষ শ্রমিক মাসে ৯৫০ টাকা বেতন পান। অথচ মানুষ গড়ার কারিগর বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা মাসে সরকারী ভাতা পান মাত্র ৫ শত টাকা। ইহা লজ্জার বিষয়। এডভোকেট আব্দুল আওয়াল বলেন, আওয়ামী লীগ ক্ষমতায় গেলে মাসিক ১৫শত টাকা বেতন, পেনশন প্রদানসহ শিক্ষকদের ৪দফা দাবী মানিয়া নেওয়া হইবে। মোঃ আব্দুল কাদের মোল্লা বলেন, একজন অশিক্ষিত শ্রমিক একজন শিক্ষকের চাইতে বেশী বেতন পায় ইহা ভাবিতে লজ্জা হয়। জামায়াত ক্ষমতায় গেলে শিক্ষকদের দাবীসমূহ মানিয়া নেওয়া হইবে।

মেজর (অবঃ) আছাদুজ্জামান বলেন, সরকার দাবী পূরণের আশ্বাস দিয়াও দাবী পূরণ করে নাই। তিনি বলেন, সারাদেশে ১৮ হাজার রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৭২ হাজার শিক্ষক রহিয়াছেন। কাজেই শিক্ষক সমিতিকে ছোট করিয়া দেখার কোন সুযোগ নাই। সমাবেশে উত্থাপিত ৪ দফা দাবী হইল : দেশের সকল রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ ও কর্মরত শিক্ষকদের চাকুরী সরকারীকরণ, বিদ্যালয় জাতীয়করণের পূর্ব পর্যন্ত শিক্ষক প্রতি মাসিক ১৫ শত টাকা ভাতা প্রদান, এবং এককালীন ২ লক্ষ টাকা অবসর ভাতা প্রদান।